দৈনিক বাংলা

তারিখ ১১।৩।৮২ ... ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

460

# 'এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে হতে সহযোগিতা করুন'

বৃহস্পতিবার থেকে এসএসসি পরীক্ষা শুরু হবে।

ঢাকা জেলা প্রশাসন কর্তৃপক্ষ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতার জন্য সর্বস্তরের জনসাধারণ বিশেষ করে অভিভাবক ও পরী-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

ক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

গত সোমবার ঢাকা জেলা কালেক্টরেটের সভাকক্ষে কর্মকর্তাদের এক সভায় ঢাকা জেলার অন্তর্ভুক্ত পরীক্ষা কেন্দ্রগুলিতে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার ব্যাপারে আলোচনা করা হয়। জেলা প্রশাসক জনাব এ এইচ মোফাজ্জল করিম সভায় সভাপতিত্ব করেন। অন্যান্যের মধ্যে সভায় উপস্থিত ছিলেন ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এবং ঢাকা জেলার ৩৩টি কেন্দ্র ও উপকেন্দ্রের প্রধান কর্মকর্তাবৃন্দ।

সভায় ১৯৮০ সালের পাবলিক এগজামিনেশন (অফেন্স) অর্ডিন্যান্স সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করে পরীক্ষায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অসদুপায় অবলম্বনকারী কিংবা অসদুপায় অবলম্বনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সহায়তাকারীর বিরুদ্ধে উক্ত অর্ডিন্যান্স বলে কঠোর শাস্তির ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

পরীক্ষার সর্বপ্রকার দুর্নীতি সম্পর্কে সতর্ক থাকতে পরীক্ষা কেন্দ্রগুলির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি অনুরোধ করা হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।